

২০২৩

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-14

[ সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস ]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) কালিদাসের যে-কোনো দুটি কাব্য অবলম্বনে সংস্কৃত কাব্যসাহিত্যে তাঁর কালোত্তীর্ণ প্রতিভার মূল্যায়ন করো। ১০  
অথবা,  
(খ) শূদ্রকের নাট্যকৃতির বিশেষত্ব আলোচনা করো। ১০
- ২। (ক) শেক্সপিয়রের ট্রাজেডিগুলির নাম উল্লেখ করে ট্রাজেডি-রচয়িতা হিসাবে তাঁর কৃতিত্ব বিচার করো। ১০  
অথবা,  
(খ) 'শেলি রোমান্টিক যুগের শ্রেষ্ঠ গীতিকবি'। — শেলির গীতিকবিতার স্বরূপ আলোচনা করে এই মন্তব্যের যথার্থ্য বিচার করো। ১০
- ৩। (ক) 'ছায়াবাদ' কী? ছায়াবাদী কবি হিসাবে 'নিরলা' -র মূল্যায়ন করো। ৩+৭  
অথবা,  
(খ) ঔপন্যাসিক ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্ব বিচার করো। ১০
- ৪। (ক) 'উত্তররামচরিত' নাটকে ভবভূতির মৌলিকতার স্বরূপ উদ্ঘাটন করো। ৫  
অথবা,  
(খ) 'গীতগোবিন্দম্' কাব্যটির বিশেষত্ব সংক্ষেপে লেখো। ৫
- ৫। (ক) 'লিরিক্যাল ব্যালাডস্' কাব্যটির গুরুত্ব আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) ঔপন্যাসিক ভার্জিনিয়া উলফ্-এর বৈশিষ্ট্য সংক্ষেপে বিবৃত করো। ৫
- ৬। (ক) 'ভারতজননী' অবলম্বনে ভারতেন্দু হরিশচন্দ্রের কৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫  
অথবা,  
(খ) মুন্সী প্রেমচাঁদের 'গোদান' উপন্যাসটির সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫

Please Turn Over

৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখো।

৫×১

- (ক) কাদম্বরী
- (খ) আইভ্যান্ হো
- (গ) 'যামা' কাব্য

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) 'মেঘদূত' কোন ছন্দে লেখা?
- (খ) শ'কার চরিত্র কোন নাটকে আছে?
- (গ) 'মালতীমাধব' নাটকটির রচয়িতা কে?
- (ঘ) 'কাদম্বরী' কাব্যের কোন চরিত্রকে রবীন্দ্রনাথ 'উপেক্ষিতা' বলেছেন?
- (ঙ) জয়দেব কোন রাজার সভাকবি ছিলেন?
- (চ) ডেসডিমোনা ও শাইলক চরিত্রদুটি কোন নাটকে আছে?
- (ছ) 'দ্য ওয়েভস্' উপন্যাসটির রচয়িতা কে?
- (জ) 'বাংলার স্কট' কাকে বলা হয়?
- (ঝ) 'ওড টু এ নাইটেঙ্গল' কাব্যটি কার রচনা?
- (ঞ) 'মার্ভার ইন দ্য ক্যাথিড্রাল' নাটকটি কার লেখা?
- (ট) যমুনা নদীকে অবলম্বন করে সূর্যকান্ত ত্রিপাঠীর দীর্ঘ কবিতাটির নাম কী?
- (ঠ) ভারতেন্দু হরিশচন্দ্র সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।
- (ড) 'সদগতি' গল্পের রচনাকার কে?
- (ঢ) 'দীপশিখা' কাব্যটি কত সালে প্রকাশিত হয়?
- (ণ) 'মৈলা আঁচল' কী ধরনের উপন্যাস?